গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

পত্র সংখ্যা: ৪৬.০০.০০০০.০৭১.১৪.০৪২.২০২০.৪৭৬

তারিখ: ১৭ ভাদ্র ১৪২৭ / ০১ সেপ্টেম্বর ২০২০

বিষয়: ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ ও ১২.১ কার্যক্রমের বিষয়ে মতামত প্রদান।

সূত্র: স্থানীয় সরকার বিভাগের পত্র সংখ্যা ৪৬.০০.০০০০.০৭১.১৪.০৪২.২০২০.৪৭৪, তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার ৬.১ ও ১২.১ কার্যক্রমের অংশ হিসেবে রাজশাহী সিটি কর্পোরেশন কর্তৃক “স্মার্ট অটো রিক্সা ম্যানেজমেন্ট সিস্টেম” উদ্ভাবনী উদ্যোগটি গ্রহণ করা হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, তাঁর সিটি কর্পোরেশনে “স্মার্ট অটো রিক্সা ম্যানেজমেন্ট সিস্টেম” উদ্ভাবনী উদ্যোগটি পাইলটিং ভিত্তিতে রেপ্লিকেটের বিষয়ে আগামী ৭ দিনের মধ্যে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য, মতামত প্রাপ্তি সাপেক্ষে এ বিষয়ে পরবর্তীতে একটি একদিনের কর্মশালা আয়োজন করা হবে।

সংযুক্তি: বর্ণনামতে ৮ পাতা।

(নাজনীন ওয়ারেস)
উপসচিব
ও
সদস্য সচিব, ইনোভেশন টিম
ফোন: ৯৫৫৪৬৫৮
ই-মেইল: lgcc2@lgd.gov.bd
nazneendhk@yahoo.com

প্রধান নির্বাহী কর্মকর্তা
...................... সিটি কর্পোরেশন (সকল) (রাজশাহী ব্যতীত)।

অনুলিপি-সদয় জ্ঞাতার্থে:

১. অতিরিক্ত সচিব (উন্নয়ন) ও চীফ ইনোভেশন অফিসার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রী’র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ – ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল।

# ইনোভেশন শোকেসিং

# রাজশাহী সিটি কর্পোরেশন


## স্মার্ট অটো রিক্সা ম্যানেজমেন্ট সিস্টেমঃ

এই সিস্টেমের মাধ্যমে সিটি কর্পোরেশন এলাকায় চলাচলকারী অটো রিক্সা, চার্জার রিক্সা সীমিত রাখা, চলাচলে শৃঙ্খলা আনয়ন এবং নির্ধারিত সংখ্যক চলাচল নিশ্চিত করা সম্ভব। এটির কার্যকারিতা গত ১ জুলাই, ২০১৯ হতে শুরু হয়েছে। প্রত্যেক বৈধ্য অটো ও চার্জার রিক্সার মালিক ও চালককে নিবন্ধিত মাইক্রো চীপ যুক্ত স্মার্ট কার্ড ইস্যু করা হবে। মাইক্রো চীপ যুক্ত কার্ডটি এনএফসি এনাবেলড মোবাইল ফোনের মাধ্যমে রিড করে অনুমোদিত বৈধ অটো ও চার্জার রিক্সা যাচাই করা সম্ভব। এগুলো চলাচলে বেশ কিছু নির্দেশনাসহ একটি নীতিমালা সাধারণ সভায় অনুমোদিত হয়েছে।




সরু চাকার রিক্সা

রিক্সাটি ঝুঁকিপূর্ণ এটি রাজশাহী সিটি কর্পোরেশণ এলাকায় ১ জুলাই হতে চলাচল নিষিদ্ধ করা হয়েছে।





চালকসহ তিন আসন বিশিষ্ট চার্জার রিকশা যা দুই রং এ ৫০০০ টি, সিটি কর্পোরেশন এলাকায় চলাচলের অনুমতি দেওয়া হবে।



যানজট কবলিত প্রধান সড়ক

# স্মার্ট অটোরিক্সা ম্যানেজমেন্ট সিস্টেম




রাজশাহী সিটি কর্পোরেশন এলাকায় অটোরিক্সা চলাচলে শৃঙ্খলা আনতে পরিষদ ১৫ হাজার অটোরিক্সার অনুমোদনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। এ সিস্টেমে বৈধ অটোকারিক্সা চিহ্নিতকরণ, অনলাইনে নিবন্ধন, টাকা জমা, নতুন ইস্যু, নবায়ন ইত্যাদি কার্যক্রম সহজ হবে।

স্মার্ট অটোরিকশা ম্যানেজমেন্ট সিস্টেমে এন.এফ.সি এনাবলড মোবাইলের মাধ্যমে মোবাইল এ্যাপস ব্যবহার করে বৈধ-অবৈধ অটোরিক্সা চিহ্নিত করা সহজ হবে।



# ভেহিকেল ট্র্যাকিং সিস্টেমঃ

এই সিস্টেমের মাধ্যমে সিটি কর্পোরেশনের নিজস্ব মটরযানের লাইভ চলাচল, টাইম, গন্তব্য এবং দুরত্বসহ গতিবিধি মনিটরিং করা হয়। এই সিস্টেমে জ্বালানি ইস্যু করে প্রায় ৩-৪ লক্ষ টাকা জ্বালানি ব্যয় কমানো সম্ভব হয়ে।

